

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(মাঠ প্রশাসন-১)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.minland.gov.bd)

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৬.১১.০৩২.১২.৫৮০

তারিখ: ১৯ ডায় ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: সিলেট জেলার রাজস্ব প্রশাসনের শূন্যপদ পূরণের নিমিত্ত ছাড়পত্র প্রদান।

সূত্র: তাঁর কার্যালয়ের স্মারক নম্বর-০৫.৪৬.৯১০০.০০৮.১১.০০১.২৫; তারিখ: ২৯/০৭/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে সিলেট জেলার রাজস্ব প্রশাসনের আওতাধীন ১৬ তম গ্রেডের ০৫ (পাঁচ) ক্যাটাগরীর মোট ৩৭ (সাঁইত্রিশ) টি শূন্যপদ নিম্নোক্ত ছক মোতাবেক যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ছাড়পত্র প্রদান করা হলো।

ক্র. নং	পদের নাম ও গ্রেড (জাতীয় বেতনকেল, ২০১৫ অনুযায়ী)	নিয়োগের জন্য ছাড়কৃত পদের সংখ্যা
১	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ১৬তম গ্রেড: (৯৩০০-২২৪৯০/-)	১০ (দশ) টি
২	ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী, ১৬তম গ্রেড: (৯৩০০-২২৪৯০/-)	২১ (একুশ) টি
৩	নাজির কাম-ক্যাশিয়ার, ১৬তম গ্রেড: (৯৩০০-২২৪৯০/-)	০৪ (চার) টি
৪	মিউটেশন কাম-সার্টিফিকেট সহকারী, ১৬তম গ্রেড: (৯৩০০-২২৪৯০/-)	০১ (এক) টি
৫	সার্টিফিকেট সহকারী, ১৬তম গ্রেড: (৯৩০০-২২৪৯০/-)	০১ (এক) টি
	সর্বমোট	৩৭ (পঁচিশ) টি

প্রতিপালনীয় শর্তাবলী:

- উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকে, কোনো রিট মামলা বিচারাধীন থাকে, কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্যপদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- প্রাপ্ত প্রস্তাবে শূন্যপদের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সেক্ষেত্রে ডুল তথ্য প্রদানকারী দায়ী থাকবেন। ছাড়পত্র আদেশ প্রাপ্তির পর জারীকৃত ছাড়পত্রের সত্যতা সম্পর্কে আবশ্যিকভাবে ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখার সাথে যোগাযোগপূর্বক সম্পূর্ণ নিশ্চিত হয়ে পদপূরণ করতে হবে; ছাড়পত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত না হয়ে পদ পূরণ করার ফলে কোনো জটিলতার সৃষ্টি হলে সেইক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- অর্গানোগ্রাম ও পদসৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিয়োগ বিধি অনুসরণপূর্বক প্রতি গ্রেডের পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদ সংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০/০৫/১৯৯৯ খ্রি. তারিখের পরিপত্র নম্বর: সম(এসপি)-৫৮/৯৯-২১০(৫০); ২৪/১১/২০১০ খ্রি. তারিখের স্মারক নম্বর: ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০); ১৯/০১/২০২১ খ্রি. তারিখের স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২২ ও ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২৪৯ এবং ২৩/০৭/২০২৪ খ্রি. তারিখের স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ অবশ্যই পালন/অনুসরণ করতে হবে;
- ছাড়কৃত পদগুলি পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;
- ছাড়কৃত পদসমূহ পূরণ করার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১১/০৬/২০১৯ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.৩৮৫ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে;

চলমান পাতা-০২

- (ছ) ছাড়কৃত পদসমূহ পূরণ করার ১৫ দিনের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- (জ) এই ছাড়পত্রের মেয়াদ ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পদ সংরক্ষণ নীতিমালা অনুযায়ী (শূন্য পদের ১০% পদ 'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' ০২ টি, 'জ্যেষ্ঠ টেকিং কাম-সায়রাত সহকারী' ০২ টি, 'নাজির কাম ক্যাশিয়ার' ০১ টি, 'মিউটেশন কাম-সার্টিফিকেট সহকারী' ০১ টি, 'সার্টিফিকেট পেশকার' ০১ টি ও সার্টিফিকেট সহকারী ০১ টি পদসহ সর্বমোট ০৮ (আট) টি পদ নির্দেশক্রমে সংরক্ষণ করা হলো।

স্বাক্ষরিত

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)

উপসচিব

ফোন: ০২-৫৫১০০১৭২

ই-মেইল: fa1@minland.gov.bd

জেলা প্রশাসক
সিলেট।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৬.১১.০৩২.১২.৫৮০/১(১১)

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ঢাকা;
- ০৪। বিভাগীয় কমিশনার, সিলেট;
- ০৫। যুগ্মসচিব, মাঠ প্রশাসন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়, ঢাকা;
- ০৬। উপসচিব, বাজেট ও অডিট শাখা, ভূমি মন্ত্রণালয়, ঢাকা;
- ০৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৮। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৯। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ১১। অফিস/মাস্টার কপি।

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
উপসচিব